কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০২৬.১৬.০০১.২০২২-৪৩ তারিখঃ ২৯/০৯/২০২২ খ্রি.

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২০২৩ মোতাবেক সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিকের ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২০২৩ মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিকের ২য় সভা ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ড. মোহাম্মদ রফিকুল ইসলাম পরিচালক (পুষ্টি), বিএআরসি মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিকের ২য় সভার কার্যবিবরণী।

২৯/০৯/২০২২

(মো: সাজ্জাদুর রহমান সরকার)
সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার
ও
সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি, ঢাকা।
২. হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. ড. মোহাম্মদ রফিকুল ইসলাম পরিচালক (পুষ্টি) (অ.দা.) এবং আহবায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।
৪. ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ) এবং ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বিএআরসি, ঢাকা।
৫. ড. যাকীয়াহ্ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) (চ.দা.) এবং সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।
৬. জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ) (চ. দা.) এবং সদস্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।

অনুলিপিঃ

১) নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।
২) অফিস কপি।

ফোন:+৮৮০-২-২২২২৪২৬৬৬; ফ্যাক্স:+৮৮০-২-২২২২৪২৬৪৬
ই-মেইল:ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট:www.barc.gov.bd

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**ফার্মগেট, ঢাকা-১২১৫**
**www.barc.gov.bd**

বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ কর্মপরিকল্পনায় কার্যক্রম [১.২] অনুসারে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর)-এ অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন' সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ ড. মোহাম্মদ রফিকুল ইসলাম, পরিচালক (পুষ্টি) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, বিএআরসি। |
| সভার তারিখ | ঃ ২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি. |
| সময় | ঃ সকাল ৯.০০ ঘটিকা |
| স্থান | ঃ পুষ্টি ইউনিট, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সদস্য সচিব, জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম [১.২] অনুসারে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর)-এ 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন' সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২। সভাপতি সভায় অবহিত করেন যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা, শৃংখলা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে সেবা প্রদান প্রতিশ্রুতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। পরবর্তীতে সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব বিগত সভার সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সভাকে অবহিত করেন, যা নিম্নরূপ:

| ক্র. নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২০২২-২০২৩ সালের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর)-এ কাউন্সিলের মৃত্তিকা ইউনিটের একটি নাগরিক সেবা, সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রদত্ত একটি দাপ্তরিক সেবা এবং কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট কর্তৃক প্রদত্ত একটি অভ্যন্তরীণ সেবা সিটিজেন চার্টার অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে কি না তা পরিবীক্ষণ ; | পরিবীক্ষণ কমিটি কর্তৃক ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী কাউন্সিলের মৃত্তিকা ইউনিট প্রদত্ত ০১ টি নাগরিক সেবা (সার ও সার জাতীয় দ্রব্যের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ); কারিগরি বিভাগ/শাখা প্রদত্ত ০১টি দাপ্তরিক সেবা (মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রেরণ) এবং কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট প্রদত্ত ০১টি অভ্যন্তরীণ সেবা (কম্পিউটার হার্ডওয়্যার এন্ড সফটওয়্যার, ল্যান, ইন্টারনেট, ইমেইল সাপোর্ট প্রদান) কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। |
| ২. | নির্ধারিত কার্যদিবসের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিভাগ/ইউনিট/শাখা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ; | সংশ্লিষ্ট ইউনিট/শাখায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৩. | সেবা সংক্রান্ত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ; | সিটিজেন চার্টার ১ম ত্রৈমাসিকে হালনাগাদপূর্বক কৃষি মন্ত্রণালয়কে অবহিত করে বিএআরসি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। |

১.৩। পরিশেষে কমিটির সদস্যগণ কাউন্সিলের বিভিন্ন শাখা পরিদর্শন করে কাজের পরিবেশ, প্রদেয় সেবার মান ইত্যাদি বিভিন্ন বিষয়াদি পর্যবেক্ষণ করেন। কাউন্সিলের ন্যূনতম একটি নাগরিক, একটি দাপ্তরিক এবং একটি অভ্যন্তরীণ সেবা প্রদানকারী ইউনিট/শাখা আকস্মিক পরিদর্শনপূর্বক কার্যক্রম চলমান রাখা প্রয়োজন মর্মে সভাপতির বক্তব্যে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন।

২। পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আলোকে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; | প্রশাসন ও অর্থ বিভাগ, বিএআরসি |
| ২. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন; | ফোকাল/বিকল্প পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি |
| ৪. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি, বিএআরসি |
| ৫. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | ফোকাল/বিকল্প পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি |
| ৬. | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | ফোকাল/বিকল্প পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি |

৩। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৭.০৭.2022

(ড. মোহাম্মদ রফিকুল ইসলাম)
পরিচালক (পুষ্টি)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।